

**মোঃ মাহবুব হোসেন**  
**সচিব**  
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

মোঃ মাহবুব হোসেন ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি তিন মন্ত্রণালয়ের সচিবের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর একান্ত সচিব, উপসচিব, যুগ্মসচিব এবং এ মন্ত্রণালয়ের যোগদানের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সচিব হিসেবে এ বিভাগে গত ৩১ ডিসেম্বর, ২০১৯ সালে যোগদান করেন। তিনি ১৯৬৪ সালে ১৪ অক্টোবর বরিশাল জেলায় মুলাদি উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ আব্দুল হাকিম খান, মাতার নাম বেগম মেহেরুন্নেসা। স্ত্রীর নাম মিসেস দীনা হক। তিনি দুই পুত্র সন্তানের জনক। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০১ সালে University of North London হতে M.B.A. এবং ২০০৭ সালে University of Melbourne হতে জেন্ডার স্ট্যাডিজ -এ এম.এ ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে - বিদেশে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি জাতীয় প্রশিক্ষক। তিনি জেন্ডার স্পেশালিষ্ট। তিনি বর্তমান সরকারের অগ্রাধিকার উদ্যোগ বাস্তবায়নের মুখ্য কর্মকর্তা হিসেবে স্থানীয় সরকার বিভাগে দায়িত্ব পালন করেছেন। তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইতালি, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, জাপান, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশে ভ্রমণ করেন।

**প্রশিক্ষণ**

**স্থানীয় প্রশিক্ষণ:**

কোর্সের শিরোনাম	প্রতিষ্ঠান
সেক্রেটারিয়েট ম্যানেজমেন্ট কোর্স	বি.সি.এস. প্রশাসন একাডেমি
১৪তম স্পেশাল ফাউন্ডেশন কোর্স	বি.পি.এ.টি.সি., সাভার
স্পেশাল ল' অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন কোর্স	বি.সি.এস. প্রশাসন একাডেমি
টিআরএনজি কোর্স অন হেলথ ইকোনোমিক্স	ইনস্টিটিউট অব হেলথ ইকোনোমিক্স
প্রজেক্ট ম্যানেজমেন্ট	আই.এম.ই.ডি, ঢাকা
প্লাগসিপ কোর্স অন হেলথ সেক্টর রিফর্ম	বিশ্ব ব্যাংক
পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট	ঢাকা বিশ্ববিদ্যালয়
ওভারভিউ অফ ই- গভারনেন্স অ্যান্ড ই-কমার্স	একাডেমি ফর প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট
প্লানিং অ্যান্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট	একাডেমি ফর প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট
রেজাল্ট বেজড ম্যানেজমেন্ট	বি.পি.এ.টি.সি., সাভার
স্পেশাল একাডেমি কোর্স	বি.পি.এ.টি.সি., সাভার
অলটারনেটিভ সোর্সেস অফ হেলথ কেয়ার ফানেসিং	হেলথ ইকোনোমিক্স ইউনিট
জেন্ডার পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট	জি.এন. এস.পি.ইউনিট
হেলথ সার্ভিসেস ম্যানেজমেন্ট	হেলথ ইকোনোমিক্স ইউনিট
ইঞ্জিনিয়ারিং দ্যা হেলথ সিস্টেম ইন বাংলাদেশ	জি.এন. এস.পি.ইউনিট
ম্যানেজিং এটি দ্যা টপ-২(ব্যাচ-১৪)	বি.পি.এ.টি.সি., সাভার

## বৈদেশিক প্রশিক্ষণ:

কোর্সের শিরোনাম	দেশ
ফ্রেন্ডশিপ প্রোগ্রামিং ফর দ্যা ২১ সেঞ্চুরি	জাপান
ক্যাপাসিটি বিল্ডিং অন জেন্ডার অ্যান্ড হেলথ	অস্ট্রিয়া
ম্যানেজিং এটি দ্যা টপ-২(ম্যাট-২) স্টেজ-২	যুক্তরাজ্য
পাবলিক হেলথ লিডারশিপ ইন ক্লাইমেট চেঞ্জ অ্যাডাপটেশন প্রোগ্রাম	অস্ট্রেলিয়া
প্রোফেশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম	ইতালি

## বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের সদস্য/সভাপতি

- বাংলাদেশের প্রতিনিধি-ইউনেস্কো;
- মহাসচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন;
- সদস্য, বোর্ড অব গভর্নরস, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আই.ইউ.টি.);
- সদস্য নির্বাহী পর্যদ, আইসেকো;
- চেয়ারম্যান, ন্যাশনাল কারিকুলাম কো-অর্ডিনেশন কমিটি;
- সদস্য, বোর্ড অব গভর্নরস, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
- সদস্য, বোর্ড অব গভর্নরস, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ;
- সিন্ডিকেট সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়;
- সিনেট সদস্য, জাতীয় বিশ্ববিদ্যালয়;
- সদস্য, বোর্ড অব গভর্নরস, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়;
- সিন্ডিকেট সদস্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়;
- সদস্য, ট্রাস্টি বোর্ড, এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, চট্টগ্রাম;
- সদস্য, বোর্ড অব ডাইরেক্টর্স, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র;
- সদস্য, বোর্ড অব ডাইরেক্টর্স, ন্যাশনাল ডিফেন্স কলেজ, বাংলাদেশ;
- সদস্য, ট্রাস্টি বোর্ড, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান;
- চেয়ারম্যান, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বি.এন.সি.সি.);
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, লালবাগ মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা;
- সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, শ্যামপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা;
- চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস, খুলনা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, খুলনা;
- চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড, বেসরকারি শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টি;
- চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড, বেসরকারি শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড;
- সদস্য, বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এসোসিয়েশন;
- সদস্য, বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্রাটেজিক স্ট্যাডিজ;
- সদস্য, অফিসার্স ক্লাব, ঢাকা।